কবিবর—জয়দেব বিরচিতম্

[কবিবর-জয়দেব-প্রণীতম্]

শ্রীল-পূজারিগোস্বামি-কৃতয়া বালবোধিন্যাখ্যয়া
টীকয়া বঙ্গানুবাদৈশ্চ সমেতম্

———*———

অধ্যাপক

শ্রীকৃষ্ণচরণগোস্বামি-বিদ্যাভূষণেন

সম্পাদিতম্

———*———

সংস্কৃত বুক ডিপো
২৮/১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা

—ভূমিকা—

—:*:—

"বাংলার রবি জয়দেব কবি কান্ত কোমল পদে
করেছে সুরভি সংস্কৃতের কাঞ্চন কোকনদে ॥"

গীতগোবিন্দ কাব্যজগতে যেমন কোহিনুর, কাব্যামোদীর আমোদ-প্রদ, তদ্রূপ সাধনা জগতেও স্বচ্ছ আদর্শ—সাধক হৃদয়ের হর্ষবর্দ্ধক। কেহ কেহ হয়ত ইহাতে কামকলার বাহুল্য দেখিয়া কামকালুষ্য-কালিম বলিয়া মনে করেন ; এক কথায় তাঁহাদের সেই ভ্রান্ত ধারণা দূর করিতে হইলে ভগবানের শ্রীরাসলীলা বর্ণনার উল্লেখ করিলেই যথেষ্ট হইবে। "রসো বৈ সঃ"—শ্রুতি ভগবানকে রসরূপী বলিয়াছেন। ভক্তিপথে ভগবানের সেই রস সাধনাই বৈষ্ণবগণের সাধনবৈশিষ্ট্য। সেই রসে যদি কাম-কালিমা থাকিত, তবে আকুমার ব্রহ্মচারী পরমহংস শিরোমণি শুকদেব অমোঘ ঋষি শাপে আসন্নমৃত্যু রাজা পরীক্ষিতের শেষ নিঃশ্বাস প্রবাহ পর্য্যন্ত ভগবানের শ্রীরাসলীলা ভাল করিয়া বুঝাইতে চেষ্টা করিতেন না। রাসের রস সাধনায় যেমন কাম-কলার মধ্য দিয়া প্রেমের প্রস্রবণ প্রবাহিত করার প্রয়াস, গীতগোবিন্দও তদ্রূপ কামের আবরণে পবিত্র প্রেমের মহিমায় ভক্ত মানবের মনোমন্দির মণ্ডিত করার প্রযত্ন প্রয়াস।

গীতগোবিন্দের গ্রন্থকার জয়দেবের প্রথম জীবন বিশিষ্ট বৈরাগ্যের উপর প্রতিষ্ঠিত ; ভগবানের প্রত্যাদেশে ঘটনাক্রমে দার-পরিগ্রহ।

তাঁহার জীবনে পরকীয়া সহজিয়ার সম্পর্ক পর্য্যন্ত ছিল না; সাধ্বী পত্নীর সহিত রাধামাধবের সেবা ও পদাবলী পাঠই ছিল তাঁহার জীবনের একমাত্র ব্রত। প্রকৃত প্রস্তাবে যদি পদাবলীতে কোনরূপ কামগন্ধ থাকিত তাহা হইলে জয়দেবের মত ত্যাগী বৈরাগী গার্হস্থ্য ব্রহ্মচারী সাধক নির্ব্বাধে নিরন্তর কেবল উহা লইয়া থাকিতেন না।

গীতগোবিন্দের বহু টীকা সত্ত্বেও পূজারি গোস্বামীর টীকা বহু প্রচলিত ও সর্ব্বত্র আদৃত বলিয়া এই গীতগোবিন্দে উক্ত টীকারই যোজনা করা হইল। পদাবলীর অনুবাদে ললিত পদ বিন্যাসে মূল গ্রন্থের গৌরব রক্ষা করিবার যথাসাধ্য চেষ্টা করা হইয়াছে; মূলগ্রন্থ পাঠে যেরূপ চিত্ত আকৃষ্ট হয়, অনুবাদ পাঠেও পাঠকগণের হৃদয় তদ্রূপ দর-বিগলিত হইবে সন্দেহ নাই; সংশোধনাদি বিষয়েও যথাসাধ্য যত্ন করা হইয়াছে; এক্ষণে জনসাধারণ সাদরে গ্রহণ করিলেই আমার পরিশ্রম সার্থক হইবে।

কলিকাতা
—ফুলদোল পূর্ণিমা—
১৩৫২ বঙ্গাব্দ

শ্রীচরণাশ্রিত—
শ্রীকৃষ্ণচরণ শর্ম্মা

—জয়দেব-জীবনী—

——:•:——

কবি-কাব্য-জগতে জয়দেবের জয়গান সর্ব্বত্র গভীরভাবে গীত হইয়া থাকে। কবি হিসাবে তিনি যেমনি স্মরণীয়—ভক্ত হিসাবেও তেমনি বরণীয়; তাই তাঁহার এই সর্ব্বাত্রিক সমানভাবের সম্মান এবং তিনি তুল্যরূপে সুধীজনসমাজে সমাদৃত।

আদি কবি ব্রহ্মা ব্যাস বাল্মীকি হইতে আরম্ভ করিয়া কালিদাস ভবভূতি প্রভৃতি যত কবি কবিকুল অলঙ্কৃত করিয়াছেন, কবি-সমাজে সসম্মানে গণ্য ও ধন্ত হইয়াছেন, তাঁহাদের অন্ততম আমাদের কবিবর জয়দেব। তাঁহাতে সর্ব্বাধিক কবিগুণই বিদ্যমান—তাঁহার রচনায় উপমা, উৎপ্রেক্ষা, অলঙ্কার, ঝঙ্কার, পদলালিত্য, ভাবগাম্ভীর্য্য, রচনামাধুর্য্য, বচনামৃতত্ব কোন পদপদার্থেরই অপ্রাচুর্য্য নাই; তদুপরি তদীয় রচনায় বিশেষভাবে প্রবাহিত হইয়াছে ভক্তিরসের প্রস্রবণ, তাই তাঁহাকে বিনা বিচারে সাগ্রহে গ্রহণ করিয়াছেন সমগ্র কবি-সমাজ।

ভাববৈভববোধক কবিগণ ত' এ গ্রন্থ সাদরে গ্রহণ করিবেনই; ভক্তিরসের প্রস্রবণ বলিয়া সাধক-কবিগণও এই গ্রন্থ তাঁহাদের হৃদয়ের ধনরূপে সযত্নে গ্রহণ ও পঠন-পাঠন করিয়া থাকেন। বৈষ্ণবসাহিত্যের মুকুটমণি বিদ্যাপতি, চণ্ডীদাস, গোবিন্দদাস ও জ্ঞানদাস প্রভৃতি সাধক প্রবর কবিগণ জয়দেবের ভক্তিমাখা কবিতা নতশিরে মানিয়া লইয়া স্ব-স্ব গ্রন্থে উহা উক্তি-প্রত্যুক্তি-পরম্পরায় প্রতিষ্ঠিত করিয়া রাখিয়াছেন; সর্ব্বোপরি সর্ব্ববৈষ্ণবের শিরোমণি যুগাবতার বলিয়া বৈষ্ণব-সমাজে গ্রাহ্য পূজ্য শ্রীমন্মহাপ্রভু শ্রীচৈতন্তদেব স্বয়ং জয়দেব গ্রথিত শ্রীগীতগোবিন্দ পাঠে অফুরন্ত আনন্দ অনুভব করিতেন; এবং উহারই সরস ব্যাখ্যা করিয়া নিজ ভক্তজনের হৃদয় আনন্দে আপ্লুত করিতেন।

কবি-জীবনীর জীবন্তাস হয় তদীয় সাধনাধারার আচার অনুষ্ঠানে এবং স্বলিখিত গ্রন্থপরম্পরায়; তন্মধ্যে তাঁহার গ্রন্থ পরিচয়ে সহজে সুস্পষ্ট হয় তাঁহার শক্তি, সুতরাং তদীয় গ্রন্থ সম্বন্ধে দু'চার কথা বলাই আবশ্যক। কিন্তু তাঁহার গীতগোবিন্দ স্বগুণে এতই গৌরবান্বিত ও উচ্চাদর্শ-সাহিত্যসমাজে পরিচিত যে বিস্তৃত পরিচয় নিষ্প্রয়োজন বলিয়াই মনে হয়।

ললিত পদপরম্পরা বিন্যাসে গ্রথিত গীতগোবিন্দ, প্রেমভক্তির সুধাধারায় পরম পবিত্র গীতগোবিন্দ যে সনাতন পণ্ডিত সমাজের সনাতন আদরের বস্তু হইবে, তাহাতে আর আশ্চর্য্য কি আছে; স্বদেশের বস্তু তদ্দেশবাসীরা যেরূপ সাদরে গ্রহণ করিয়াছেন, বিদেশীয় সাহিত্য রসিকগণ ইহার ততোধিক সমাদর করিয়াছেন। উড়িয়া, হিন্দী প্রভৃতি ভারতের নানা ভাষায় এই গীতগোবিন্দ অনূদিত হইয়া পঠিত ও পাঠিত হইয়া থাকে। ইউরোপের ইংরেজি, ল্যাটিন ও জার্ম্মাণ ভাষায়ও গীতগোবিন্দের অনুবাদ হওয়ায় তত্তদ্দেশবাসীর হৃদয়রাজ্যে ইহার সিংহাসন স্থাপিত হইয়া রহিয়াছে।

এই গ্রন্থের এত সংস্কৃত টীকা ও বঙ্গানুবাদ হইয়াছে যে, শ্রীমদ্ভগবদ্গীতার পরই এই গীতগোবিন্দের স্থান। এ হেন গ্রন্থের গ্রন্থকার কবিবর জয়দেবের জীবনী যে বিশেষ গৌরবময় ও আলোকময় হইবে সে বিষয়ে সংশয় থাকিতেই পারে না।

বীরভূম জেলার অজয় নদীর তীরবর্ত্তী কেন্দুবিল্ব গ্রামে দ্বিজকুলে শ্রীজয়দেব কবি জন্মগ্রহণ করেন। উহার বর্ত্তমান নাম কেন্দুলী। তাঁহার পিতার নাম ভোজদেব ও মাতা বামাদেবী। অনেক প্রত্নতাত্ত্বিকের গবেষণায় তাঁহার জীবন কালের পরিচয় নিরূপিত হইয়াছে যে, তিনি প্রায় পাঁচশত বৎসর পূর্ব্বের লোক। গৌড়াধিপতি লক্ষ্মণসেনের সভাপতিত্বে তিনি তখন প্রতিষ্ঠিত, সেই সময়ের সূত্র ধরিয়া আলোচনা করিলে বেশ বুঝা যায় যে তাহারও কিছু পূর্ব্বে তাঁহার অস্তিত্ব ছিল। এতদ্ভিন্ন দিল্লী মুসলমানাধিকৃত হইবার পূর্ব্বে

হিন্দু-রাজা মাণিক্যচন্দ্রের অনুরোধে তাঁহার রচিত 'অলঙ্কারশেখরে' লিখিত উৎকলের সভাপতিত্ব অনুসরণ করিলেও ঐরূপ প্রমাণ প্রতিষ্ঠিত হয়। মহাপ্রভু তাঁহার লিখিত গীতগোবিন্দ পড়িতেন, ইহা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে; তাহাতেও জয়দেবের তৎপূর্ব্ববর্ত্তিত্ব প্রমাণিত হয়। যাহা হউক, তিনি যে কালে বা যে কুলে জন্মগ্রহণ করিয়াছেন, সে কাল ও কুল উভয়ই ধন্য।

জয়দেব বাল্যবয়সেই বৈরাগ্য গ্রহণ করিয়া সৌভাগ্যক্রমে শ্রীজগন্নাথক্ষেত্রে গমন ও তাঁহার সেবায় আত্মনিয়োগ করেন। অত্যল্পকালেই জয়দেব জগবন্ধু-কৃপা প্রাপ্ত হন। এই সময়ে তাঁহার প্রতি উৎকলপতির দৃষ্টি পতিত হয়, ফলে তাঁহার উৎকলাধিপতির সভাপতিত্বে প্রতিষ্ঠা।

একদা জনৈক অপুত্রক বিপ্র পুত্রার্থী হইয়া জগন্নাথের সেবা করায় তাঁহার প্রসাদে একটি সর্ব্বসুলক্ষণা কন্যাসন্ততি লাভ করেন, তাহার নাম রাখেন পদ্মাবতী। বিবাহযোগ্য কালে দরিদ্র পিতা তাহাকে দীনবন্ধুর পাদপদ্মে অর্পণ করেন, তৎকালে জয়দেবের প্রতি প্রত্যাদেশ হয়—ঐ কন্যা সহধর্ম্মিণীরূপে গ্রহণ করিতে। যদিও ভক্ত জয়দেব সংসার-বিরাগী তথাপি প্রভুর আদেশ প্রত্যাখ্যান করিলেন না, পদ্মাবতীর পাণিগ্রহণ করিয়া গৃহস্থ হইলেন।

জয়দেব গৃহে রাধামাধব বিগ্রহ প্রতিষ্ঠা করিয়া তাঁহার সেবার জন্য নিজ জায়া পদ্মাবতীকে নিযুক্ত করিলেন। এই সভক্তি দেববিগ্রহ সেবায় উভয়ের হৃদয়ে শ্যামপ্রেমের লহরলীলা উচ্ছ্বলিত হইয়া উঠিল। এই যে জগৎস্বামী জগন্নাথের প্রসাদে জয়দেব পদ্মাবতীর জায়া-পতিত্ব সম্পাদন, ইহাই হইল কালে গীতগোবিন্দ সম্পাদনের পবিত্র সূত্র। জয়দেবের যে অকৃত্রিম বৈরাগ্য হইতে সহসা গার্হস্থ্য গ্রহণ তাহাও অসংশয় বিশ্বপ্রভু জগন্নাথের অনুগ্রহ। বাল্য বয়সে আনন্দময় পিতা পুত্রের বিবাহ দিয়া যেরূপ তাহাদের পবিত্র জীবনের প্রতিষ্ঠায় সচেষ্ট থাকেন, জগৎপতি ভক্তবন্ধু জগবন্ধু ও তদ্রূপ জয়দেব দম্পতির প্রতি সদয়দৃষ্টিদানে তাঁহাদিগকে কৃতার্থ করিলেন—জয়দেব পদ্মাবতীর দম্পতি জীবন অতি পবিত্রভাবেই

গঠিত হইয়া উঠিল। সাধুব্রত পিতা প্রিয় কন্যা-জামাতার প্রতি যেরূপ সর্ব্বদা সদয়-দৃষ্টি দান করেন, আজীবন তাঁহাদেরর সুপথে পরিচালনার ভার লন, জগৎপতি জগন্নাথ ও তদ্রূপ সপত্নী জয়দেবের জীবন ভার—যোগাক্ষম বহন করিয়াছিলেন।

জয়দেব ও পদ্মাবতী যেন ছিল তাঁহার জামাতা ও কন্যা। ইহার প্রমাণ পদ্মাবতীর মুখেই প্রকাশিত। জগন্নাথের আদেশে জয়দেব যখন বিবাহ করিয়া পদ্মাবতীকে কোথায় রক্ষা করিবেন ইহা সেই পদ্মাবতীকেই জিজ্ঞাসা করেন; তখন পতিব্রতা পদ্মাবতী রামের সীতার মত তাঁহার সঙ্গ ত্যাগে অনিচ্ছুক হইলেন এবং বলিলেন জগৎপতি জগন্নাথই যখন আপনার করে আমাকে অর্পণ করিয়াছেন অর্থাৎ বিবাহ দিয়াছেন তখন কদাচ আপনাকে পরিত্যাগ করিয়া যাইব না। ফলতঃ দীনবন্ধুর জয়দেব-দম্পতির জীবনের দায়িত্ব গ্রহণের ফলে তাহাদের দাম্পত্য জীবন আসক্তি সংসক্ত সাধারণ জীবনে পরিণত না হইয়া অসাধারণ উচ্চতর সাধক জীবনেই পরিণত হইয়াছিল। জগবন্ধু হরিরও মানুষসুলভ দুহিতা-প্রীতি সমধিক স্ফুরিত হইয়াছিল।

জয়দেব একদা গীতগোবিন্দ লিখিতে বসিয়া "স্মর গরলখণ্ডনং, মম শিরসি মণ্ডনং" লিখিয়া অনেক চিন্তায়ও পদ পূরণ করিতে পারিলেন না; পুঁথি বন্ধ করিয়া সাগরে স্নান করিতে গেলেন। ইত্যবসরে ভক্তের ভারবাহী ভগবান্ জয়দেব-দেহ ধারণ করিয়া আসিয়া তাঁহার চিন্তা ভার লাঘবার্থ কলমে একটু কালি তুলিয়া লইয়া সেইস্থান পূরণ করিলেন—"দেহি পদপল্লবমুদারম্।"

জয়দেবগৃহে প্রচ্ছন্ন বেশে ভগবানের এই আগমনে পদ্মাবতীর সহিত যে কথোপকথন হয়, ইহা অনেকাংশে তুলসীদাস দম্পতির প্রতি রামরূপী ভগবানের প্রত্যক্ষ দর্শন দানের মত। ভগবানের এরূপ প্রত্যক্ষ দর্শন দানের কৃপা জয়দেবের প্রতি ঘটে নাই, ইহা যেন ভগবানের নিজ কন্যামেদের অভিনয়। থাকুক জয়দেবের সমস্যা পূরণের অসামার্থ্য, কিন্তু গোবিন্দের শ্রীকরস্পর্শে জয়দেবের গীতগোবিন্দ যে অনন্তসাধারণ হইয়াছিল, তাহাতে বিন্দুমাত্র

সন্দেহ নাই। গীতগোবিন্দ গ্রন্থ শ্রবণে ভগবান গোবিন্দের সাতিশয় প্রীতি অনুভব করিয়া উৎকলপতি একখানি গীতগোবিন্দ রচনা করিয়া জগন্নাথের শ্রীচরণসমীপে জয়দেব-রচিত গীতগোবিন্দের সহিত রক্ষিত করেন। পরদিন মন্দির খুলিলে দেখিতে পাওয়া যায়—রাজার রচিত গীতগোবিন্দ তখন মন্দিরবেদীর নিম্নে পতিত রহিয়াছে। রাজার গীতগোবিন্দ যে তুচ্ছবোধে অপসারিত এবং গৌরববোধে জয়দেবের গ্রন্থ রক্ষিতা এই বার্তা আকাশবাণীমুখে পরদিন প্রকাশিত হয়।

জয়দেবের উপর ভগবানের বিশেষ করুণা, জয়দেব যেমন দরিদ্র ছিলেন-ভক্ত রামপ্রসাদও তদ্রূপ দরিদ্র ছিলেন। সাধক জীবনের দারিদ্র্য স্বাভাবিক। জগন্মাতা যেমন ভক্ত সন্তান রামপ্রসাদের কন্যারূপে তদীয় গৃহে অবতীর্ণা হইয়া তাঁহার বেড়ার বান্ধনের বেত যোগাইতেন, কিংবদন্তী—জগন্নাথও তদ্রূপ জয়দেবের স্বহস্ত সম্পাদিত গৃহের ছাউনি দিবার সময় জন-মানুষের বেশ ধরিয়া ছাউনীর উপকরণ নীচ হইতে চালের উপর যোগাইয়া দিতেন। ভগবানে যাহারা নিত্যাভিযুক্ত, ভগবানের দৃষ্টিও তাহাদের প্রতি নিত্যযুক্ত। ভক্তের জন্য তিনি না করেন, এমন কাজই নাই। রামপ্রসাদ, তুলসীদাস প্রভৃতির মত কবির এই ভগবৎপ্রীতি-বিভূতি যে বিশেষভাবে উল্লেখযোগ্য, তাহাতে সংশয় নাই। তাঁহার আধ্যাত্মিক বিভূতির বিষয়বস্তু তদীয় গীতগোবিন্দ গ্রন্থে বিস্তার-রূপেই বিদ্যমান। যে কোন বিশিষ্ট সাধকের জীবনের গৌরব প্রসারিত ও প্রচারিত হয় দুই প্রকারে,—এক কিংবদন্তী, দ্বিতীয় তদীয় রচিত গ্রন্থের গুণ-গৌরব। এই দুই দিকেই জয়দেব কবির বিভূতি বিজয়ের বাহুল্য বিদ্যমান। কমলাকান্তের ভক্তিমাখা গান শুনিয়া একসময় যেমন তাঁহাকে ডাকাতেরা ছাড়িয়া দিয়া চলিয়া যায়, জয়দেবকেও তদ্রূপ কবিতা-লতার ললিত কুসুমের সৌরভে আপন ভুলিয়া কতিপয় দস্যু পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছিল। এইসব বিষয়ে একদিকে যেমন তাঁহার রচনা মাধুরীর পরিচয় পাওয়া যায়—হে

সরস রচনা-মাধুর্য্যে, কঠিন-হৃদয় দস্যুর হৃদয় আর্দ্র হয়; অন্যদিকে তেমনি সাধনা শক্তি সঞ্চয়ের পরিচয় ও পরিস্ফুট।

গীতগোবিন্দ গ্রন্থ লিখিয়া কবি জয়দেব চির অমর হইয়াছেন; এইরূপ একাধারে ভক্তিরসপূর্ণ ও রচনামাধুর্য্যযুক্ত গ্রন্থ জগতে আর দ্বিতীয় নাই। অতীব সুললিত ও সুসঙ্গত বলিয়া বৈষ্ণব পদাবলীর মধ্যে জয়দেবের পদাবলী সাদরে স্থান পাইয়াছে। চণ্ডীদাস বিদ্যাপতি প্রভৃতি বৈষ্ণব কবিগণ স্ব স্ব রচিত পদাবলী মধ্যে জয়দেব কবিকৃত কলমধুর পদাবলী বিন্যস্ত করিয়া সমস্ত বৈষ্ণব জগতে প্রচার করিয়াছেন—অদ্যাপি সেই অতি মধুর পদাবলী কীর্ত্তন জগতে গীত হইয়া শ্রোতাদিগের হৃদয় পূত করিয়া থাকে। এক কথায় বলিতে গেলে, প্রেম ভক্তির এমন মধু-মিলন গীতগোবিন্দ ব্যতীত অন্যত্র কুত্রাপি নাই; তাই কবিগণ মুক্তকণ্ঠে কীর্ত্তন করিয়া থাকেন—

"যদি হরিস্মরণে সরসং মনঃ
যদি বিলাসকলাসু কুতূহলম্।
মধুরকোমলকান্তপদাবলীং
শৃণু তদা জয়দেবসরস্বতীম্॥"

বৈষ্ণব অবৈষ্ণব সর্ব্ববিধ মানুষ ত এই কোমল প্রেম মধুময় বৈষ্ণব পদাবলী শুনিয়া তৃপ্তি প্রাপ্ত হয়ই; স্বয়ং জগৎপতি জগন্নাথও স্বীয় ভক্ত সেবক প্রদত্ত নিত্য-পূজা গ্রহণান্তে এই জয়দেব পদাবলী শুনিয়া আরাম ও আয়াস অনুভব করিয়া থাকেন। পূজান্তে মন্দিরে উক্ত পদাবলী পাঠের প্রীতি অনুভবের অনুভূতির কথা প্রভু জগন্নাথ স্বীয় ভক্ত সেবক বিশেষের অন্তরে স্বপ্নযোগে এক সময় অঙ্কুরিত করেন; তদবধি মন্দিরে উহা নিত্য পঠিত হইয়া আসিতেছে। ইহা হইতে গীতগোবিন্দগ্রন্থের গৌরব আর অধিক কি হইতে পারে।

জয়দেব একসময়ে শ্রীবৃন্দাবনে গমন করেন। একে রাধামাধবের

লীলাক্ষেত্র পবিত্র বৃন্দাবন, তাহাতে ভক্তবর জয়দেবের আগমন—এই সম্মিলন মধুপুরে পরম মধুময় হইয়াছিল। জয়দেব বৃন্দাবনের বনে বনে গোঠে মাঠে পদাবলী গান করিয়া মনের আনন্দে ঘুরিয়া বেড়াইতেন। এইভাবে গীত-গোবিন্দের পদাবলী রচনার সঙ্গে সঙ্গে সঙ্গীত সাধনায় পবিত্র শ্রীক্ষেত্র, শ্রীবৃন্দাবন প্রভৃতি পুণ্যতীর্থের সেবা করিতে করিতে সাক্ষাৎ স্বরূপে ভগবৎপদ সেবার তৃপ্তি জয়দেবের হৃদয়ে জাগরূক হইল। তিনি, স্বীয় গ্রাম কেন্দুবিল্বে আগমন ও রাধামাধব-শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করিয়া সাধ্বী পত্নী পদ্মাবতীর সহিত সেবা পূজায় নিযুক্ত হইলেন। তাঁহার অকপট সেবা পূজায় রাধামাধব শ্রীবিগ্রহে যেন শ্রীভগবান্ প্রকট হইয়া উঠিলেন। কেন্দুবিল্বে এক বৃহৎ মেলা বসিয়া গেল; নানাস্থান হইতে ভগবদ্ভক্ত শ্রীবৈষ্ণবগণ আগমন করিয়া কেন্দুবিল্বকে পুণ্যতীর্থ করিয়া তুলিলেন। সেই আদর্শে অদ্যাপি বর্ষে বর্ষে কেন্দুবিল্বে মহা মেলা হয় এবং বহু বৈষ্ণবের সমাগম হইয়া থাকে।

শ্রীশ্রীগীতগোবিন্দম্

প্রথমঃ সর্গঃ

[সামোদদামোদরঃ]

মেঘৈর্ম্মেদুরমম্বরং বনভুবঃ শ্যামাস্তমালদ্রুমৈ-
র্নক্তং ভীরুরয়ং ত্বমেব তদিমং রাধে গৃহং প্রাপয়।
ইত্থং নন্দনিদেশতশ্চলিতয়োঃ প্রত্যধ্বকুঞ্জদ্রুমং,
রাধামাধবয়োর্জয়ন্তি যমুনাকূলে রহঃ-কেলয়ঃ ॥ ১

বালবোধিনী টীকা

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ

শ্রীচৈতন্যকৃপাশীধুকণোন্মত্তেন কেনচিৎ।
টীকা সংগৃহ্যতে গীতগোবিন্দস্য সমাসতঃ ॥
স্বয়ং বোদ্ধুমভিপ্রায়ং জয়দেবমহামতেঃ।
ক্রমেণোপক্রমাদেষা গ্রথ্যতে বালবোধিনী ॥

অথ শ্রীরাধামাধবয়োর্বিজন-কেলি-বর্ণনময়ং শ্রীগীতগোবিন্দাখ্যং প্রবন্ধমারভমাণস্তত্র চ তয়োঃ সর্ব্বোত্তমতাং নিশ্চিন্বানঃ শ্রীমান্ জয়দেবনামা কবিরাজস্তমালবন-তমঃপুঞ্জকুঞ্জসদনাদ্বহিঃ স্থিতয়োস্তত্র প্রবেশায় গদিত-শ্রীরাধিকাসখীবচনমনুস্মরংস্তদেব মঙ্গলমাচরতি। তদ্বর্ণনময়ত্বাৎ প্রবন্ধোঽয়ং মঙ্গলরূপ ইতি বিজ্ঞাপয়তি

—মেঘৈরিতি। শ্রীরাধামাধবয়ো রহঃ-কেলয়ো জয়ন্তি সর্ব্বোৎকর্ষেণ বর্ত্তন্তে। শ্রীকৃষ্ণস্য স্বয়ং ভগবত্ত্বেন সর্ব্বাবতারেভ্যঃ শ্রেষ্ঠত্বাৎ শ্রীরাধিকায়াঃ সর্ব্বলক্ষ্মী-ময়ীত্বেনান্যাঃ সর্ব্বপ্রেয়সীভ্যঃ শ্রৈষ্ঠ্যাচ্চ। যথোক্তং শ্রীসূতেন—"এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মি"তি। তথা চ বৃহদ্গৌতমীয়ে—"দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা। সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃসম্মোহিনী পরে"তি। অতএবামুং মমোদ্যমং বিঘ্নান্ বিধূয় সম্পাদয়ন্ত্বিত্যর্থঃ। ভগবতঃ স্বরূপশক্তি-বিশেষত্বাৎ কেলীনাং জয়কর্ত্তৃত্বং যুক্তমেব। উৎকর্ষপ্রতিপত্তিরেব জয়তেরর্থঃ। সর্ব্বোৎকর্ষপ্রতিপত্তাবকর্ম্মকঃ, যথা জয়তি রঘুবংশতিলক ইতি। ক্ব জয়ন্তি? যমুনাকূলে। কিং লক্ষ্যীকৃত্য?—প্রত্যধ্বকুঞ্জদ্রুমন্তং লক্ষ্যীকৃত্য তত্রেত্যর্থঃ। কীদৃশয়োঃ?—ইত্থমনেন প্রকারেণ নন্দয়তীতি নন্দঃ, স চাসৌ নিদেশশ্চেতি স নন্দনিদেশঃ শ্রীরাধিকায়াঃ সখীবচনং তস্মাচ্চলিতয়োঃ। নিদেশমাহ,—হে রাধে! যতোঽসৌ নক্তং পূর্ব্বরাত্রৌ ত্বাং বিহায়ান্যাভিঃ কৃতনৃত্যগীতাদ্যপরাধতয়া ভীরুঃ ভীতঃ স্বৎকৃতবহুনায়িকাবল্লভতারোপণাশঙ্কী তস্মাত্ত্বমেবেমং ত্বন্নিমিত্তানুভূত-মর্ম্মব্যথং শ্রীকৃষ্ণং গৃহং মঞ্জুতরেত্যাদি বক্ষ্যমাণং কেলিসদনং প্রাপয়, পুরঃ কেলিসদনমনুসরন্তী এতস্য কেলিসদনপ্রাপ্তাবনুকূলা ভবেতি। অথবা ত্বমেবেমং গৃহং প্রাপয় গৃহস্থং কুরু, ত্বয়ৈবায়ং গৃহিণীমানস্ত্বিত্যর্থঃ। এবকারেণ সমবধারণেন অস্যৈব ভার্য্যা ভবিতুং রুক্মিণ্যর্হতি নাপরেতি কুণ্ডিনবাসিজনানাং রুক্মিণীদেবীং প্রতি আশীর্ব্বচনং, ত্বমেব অস্য ভার্য্যা ভবেত্যাশীঃ সূচিতা। 'ন গৃহং গৃহ-মিত্যাহর্গৃহিণী গৃহমুচ্যতে' ইত্যুক্তেঃ। জ্যোৎস্নাবত্যামস্যাং জনাকুলায়াং ময়া কথমসৌ প্রবেশনীয়স্তত্র সময়ানুকূল্যমাহ। মেঘৈরম্বরমাকাশং মেদুরং স্নিগ্ধম্ আচ্ছাদিতমিত্যর্থঃ। অস্য প্রিয়ামিলনেচ্ছোদ্ভূতমেঘাবৃতশ্চন্দ্র ইত্যর্থঃ। বনভূব-

---

অনুবাদ

"গগনমণ্ডল ঘন মেঘমালায় সমাবৃত, বনভূমি নিবিড় তমাল-তরুসমূহে শ্যামল (অন্ধকারময়), রাত্রিকাল, শ্রীকৃষ্ণের হৃদয়ও ভয়াকুল; অতএব হে

বাগ্‌দেবতাচরিতচিত্রিতচিত্তসদ্মা,
পদ্মাবতীচরণচারণচক্রবর্ত্তী ।
শ্রীবাসুদেবরতিকেলিকথাসমেত-
মেতং করোতি জয়দেবকবিঃ প্রবন্ধম্‌ ॥ ২

স্তমালদ্রুমৈঃ শ্যামাঃ নিবিড়ান্ধকারৈর্ন লক্ষিতাঃ, ততোঽত্র ন কাপি শঙ্কেত্যর্থঃ। এতদনন্তরমেবৈতল্লীলাবসরে সাপীদং বক্ষ্যতি অক্ষ্ণোর্নিক্ষিপদঞ্জনমিত্যাদিনা। "ততো বিশন্‌ বনং চন্দ্রজ্যোৎস্না যাবদ্বিভাব্যতে। তমঃ প্রবিষ্টমালক্ষ্য ততো নিবব্রতুঃ স্ত্রিয়" ইতি শ্রীশুকোক্তিরিয়ম্‌। জয়ত্যর্থেন নমস্কার আক্ষিপ্যতে ইতি কাব্যপ্রকাশোক্তের্নমস্ক্রিয়া সূচিতা। শ্রীরাধামাধবয়ো রহঃ-কেলয়োঽত্র প্রতিপাদ্যাঃ। অতো বস্তুনির্দ্দেশোঽপি। এবং পক্ষত্রয়প্রতিপাদনৈর্মহাকাব্যত্বমুক্তং যথা কাব্যাদর্শে—"সর্গবন্ধো মহাকাব্যমুচ্যতে তস্য লক্ষণম্‌। আশীর্নমস্ক্রিয়া বস্তুনির্দ্দেশো বাপি তন্মুখ"মিতি। রাধামাধবয়োরিত্যনেন তয়োরন্যোন্যাব্যভিচারিবিদ্যোতমানতা সূচিতা। যথোক্তম্‌ ঋক্‌পরিশিষ্টে—"রাধয়া মাধবো দেবো মাধবেনৈব রাধিকা" ইত্যাদি। রাধামাধবয়োরিত্যর্থঃ সমাসেন তয়োঃ পরস্পর-বিদ্যোতমানতা ব্যজ্যতে। শৃঙ্গাররসপ্রধানং হি কাব্যং, শৃঙ্গাররসে স্ত্রিয়া এব প্রাধান্যম্‌ ইতি শ্রীরাধায়াঃ প্রাগ্‌নির্দ্দেশঃ ॥ ১

এবমাদ্যৈকপদ্য-সূচিতকেলিস্ফুরণোপস্থাপিতানন্দ-পূরপ্লাবিতান্তঃকরণ-তয়া উদ্যৎ-কারুণ্যেনাধুনিকভক্তজনানুগ্রহপরবশঃ সন্‌ কবিরেতদ্ব্যক্তিকরণায় প্রবন্ধেনাস্য-সন্দধদাত্মনস্তৎসামর্থ্যং সমর্থয়ন্নাহ—বাগ্দেবতেতি। জয়ং সর্ব্বোৎকৃষ্টং কৃষ্ণং দেবয়তি দ্যোতয়তি স্বভক্ত্যা প্রকাশয়তীতি জয়দেবঃ অতঃ স এব কবিস্তদ্বর্ণন-

---

রাধিকে! তুমি এখন ইহাকে লইয়া গিয়া গৃহে পৌছাইয়া দাও।"—এইরূপ-নন্দ-নিদেশে (সখীর আনন্দজনক আদেশে) প্রস্থিত পথিপার্শ্বস্থ কুঞ্জকাননে সমুপস্থিত রাধাকৃষ্ণের নির্জ্জন যমুনাকূলে কৃত কেলিসকল জয়যুক্ত হউক। ১

যদি হরিস্মরণে সরসং মনো,
যদি বিলাসকলাসু কুতূহলম্ ।
মধুরকোমলকান্তপদাবলীং,
শৃণু তদা জয়দেবসরস্বতীম্ ॥৩

কৃতী এতৎ শ্রীগীতগোবিন্দাখ্যং প্রবন্ধং প্রকর্ষেণ বিধ্যতে শ্রোতৃণাং হৃদয়মস্মিন্নিতি প্রবন্ধস্তং করোতি প্রকাশয়তি। শ্রোতৃহৃদয়বন্ধনশক্তিরস্য কথং স্যাৎ, অত আহ,—শ্রীরত্র রাধা, বসুবংশেন দিব্যতীতি বসুদেবো হি শ্রীনন্দঃ দ্রোণো বসূনাং প্রবর ইত্যুক্তেঃ তস্যাপত্যং বাসুদেবঃ শ্রীকৃষ্ণস্তয়োর্যাঃ রতিকেলিকথাস্তাভিঃ সহিতং তল্লীলাবিশেষবর্ণনরূপমিত্যর্থঃ। এবঞ্চেত্তৎ কথময়ং কর্ত্তুং শক্নুয়াদত আহ—বাচাং বক্তব্যত্বেনোপস্থিতানাং তৎকেলিময়ীনাং দেবতা বক্তা প্রবর্ত্তকশ্চ শ্রীকৃষ্ণস্তচ্চরিতেন চিত্ররূপেণ লিখিতং চিত্ররূপং সদ্ম মনো গৃহং যস্য সঃ ইন্দ্রিয়শক্তির্দেবতাধীনা নিজেষ্টদৈবতং বাগ্‌দেবতাত্বেন রূপিতস্তস্য এব তৎকর্ত্তৃকত্বং তত্রৈব পর্য্যবস্যেৎ ; তথা চ চিত্তস্য ফলকত্বেন চরিত্রস্য চিত্রবিশেষত্বনিরূপণাদ্ যথা চিত্রবিশেষঃ ফলকমধিষ্ঠায় স্বয়মেব প্রকাশয়তি তথাত্রাপীত্যর্থঃ। এবং বাচাং মনসশ্চ মাধবপরত্বোক্তা। এতাবতাপি কথং তচ্ছক্তিরতঃ কায়িকবৃত্তেঃ শ্রীরাধিকাপরত্বমাহ—পদ্মং বিদ্যতে করে যস্যাঃ সা পদ্মাবতী শ্রীরাধা শরাবত্যাদীনামিত্যাদিগ্রহণাদ্দীর্ঘঃ। তস্যাশ্চরণয়োর্নিমিত্তভূতয়োরেব চারণচক্রবর্ত্তী নর্ত্তকশ্রেষ্ঠঃ নৃত্যাদিনা সদা তদারাধনতৎপর ইত্যর্থঃ। অনেন তৎপ্রধানোপাসনাত্মনো দর্শিতা। ২

এবমাত্মনস্তদ্যোগ্যতামাপাদ্য সিদ্ধেঽপি প্রতিজ্ঞাতেঽর্থে চিত্তবিনোদকত্বাভাবাৎ কদাচিন্নদজনাঃ শ্রদ্ধা ন দধ্যুরিত্যধিকারিণোঽপি নিশ্চিন্বন্নাহ—যদীতি।

যাঁহার হৃদয়মন্দির বাসুদেবের চরিত-চিত্রে সম্যক্ অঙ্কিত, যিনি শ্রীরাধার পদসেবকগণের শ্রেষ্ঠ, সেই জয়দেব কবি শ্রীহরির রতি-কেলি-কথা বিষয়ে এই গীতগোবিন্দ প্রবন্ধ রচনা করিতেছেন। ২

বাচঃ পল্লবয়ত্যুমাপতিধরঃ সন্দর্ভশুদ্ধিং গিরাং,
জানীতে জয়দেব এব শরণঃ শ্লাঘ্যো দুরূহদ্রুতে।
শৃঙ্গারোত্তরসৎপ্রমেয়রচনৈরাচার্য্যগোবর্দ্ধনঃ,
স্পর্দ্ধী কোঽপি ন বিশ্রুতঃ শ্রুতিধরো ধোয়ী কবিক্ষ্মাপতিঃ ॥ ৪

ভো ভক্তজন! যদি হরিস্মরণে শ্রীকৃষ্ণানুচিন্তনে মনঃ সরসং স্নিগ্ধং, যদি সবিলাসস্থ রাসকুঞ্জাদিলীলায়াঃ কলাসু বৈদগ্ধীচারুচেষ্টাসু . কুতূহলং কৌতুকমস্তি, তদা জয়দেবকবেঃ সরস্বতীং বাণীং শৃণু। কীদৃশ্যসৌ? যস্যা এবাধিকারিণোঽপি নিশ্চিনোষীত্যাহ—শৃঙ্গাররসপ্রাধান্যান্মধুরা ঝটিত্যর্থাবগতেঃ কোমলা গেয়ত্বাৎ কান্তা কমনীয়পদা পদাবলী পদশ্রেণী যস্যাস্তাম্। এভিঃ পদ্যৈঃ সম্বন্ধাভিধেয়-প্রয়োজনাধিকারিণোঽপি দর্শিতাঃ। রাধামাধবয়ো রহঃকেলয়োঽত্রাভিধেয়াঃ প্রতিপাদ্যপ্রতিপাদকভাবঃ সম্বন্ধঃ। তৎকেলীনামনুমোদনজনিতানন্দানুভবঃ প্রয়োজনম্। এতদ্রসভাবিতান্তঃকরণোঽধিকারী। ৩

অথৈতদাবেশেনৈবান্যত্র প্রাকৃতবর্ণনপ্রায়তামালোক্যাত্মনঃ প্রৌঢ়ি-মাবিষ্কুর্ব্বন্নাহ—বাচ ইতি। উমাপতিধরনামা কবিঃ বাচঃ পল্লবয়তি বিস্তারয়তি মাত্রং, ন তু কাব্যগুণযুক্তাঃ করোতি; পল্লবগ্রাহিতা দোষোঽস্য। শরণনামা কবিঃ দুরূহস্য দুর্জ্ঞেয়স্য কাব্যস্য দ্রুতে শীঘ্ররচনে শ্লাঘ্যঃ, ন তু প্রসাদাদিগুণযুক্তে। শৃঙ্গার এবোত্তরঃ শ্রেষ্ঠো যত্র তস্য সৎপ্রমেয়স্য সামান্যনায়কনায়িকাপ্রায়বর্ণনস্য রচনৈরাচার্য্যগোবর্দ্ধনস্য স্পর্দ্ধাবান্ কোঽপি ন বিশ্রুতঃ, ন রসান্তরবর্ণনৈঃ। ধোয়ীনামা কবিরাজঃ শ্রুতিধরঃ প্রসিদ্ধঃ শ্রবণমাত্রেণ গ্রন্থাধিকারী, ন তু স্বয়ং কবিতয়া। গিরাং শুদ্ধিং শোধনপ্রকারং জয়দেব এব জানীতে, কেবলভগবদ্-

---

হে ভক্তজন! যদি হরিস্মরণে মন সরস হয়, বিলাসকলাসমূহে যদি কুতূহল থাকে, তবে মধুর কোমল কমনীয় পদাবলী-সম্বলিত জয়দেব-বাণী শ্রবণ কর। ৩

(গীতম্)

(মালব-গৌড়রাগেণ রূপকতালেন চ গীয়তে)

প্রলয়পয়োধিজলে ধৃতবানসি বেদং,
বিহিতবহিত্রচরিত্রমখেদম্ ।
কেশব ধৃতমীনশরীর,
জয় জগদীশ হরে ॥ ৫ (ধ্রুবম্)

গুণবর্ণনরূপং তদাপ্তিসর্গো জনতাঘবিপ্লব ইত্যুক্তেঃ। অথবা দৈন্যোক্তিরিয়ং, যথা গিরাং সন্দর্ভশুদ্ধিং কিং জয়দেব এব জানীতে ন জানীত এব। যত্র উমাপতিধরঃ বাচঃ পল্লবয়তি, শরণো দুরূহদ্রুতে শ্লাঘ্যঃ, গোবর্দ্ধনাচার্য্যস্য তুল্যো নাস্ত্যেব, ধোয়ী তু কবীনাং রাজা শ্রুতিধরশ্চ। যদ্যপি স্বয়ং দৈন্যেনৈবমুক্তং তথাপি সরস্বতী পূর্ব্বার্থমেব প্রমাণয়তি। ৪

অথ তৎকেলীনাং সর্ব্বোৎকর্ষপ্রতিপাদনায়াদৌ সর্ব্বরসাশ্রয়স্য শ্রীকৃষ্ণস্য মৎস্যাদ্যবতারেষ্বপি সর্ব্বরসাধিষ্ঠাতুরখিলনায়কশিরোরত্নতাং প্রতিপাদয়ন্ সর্ব্বোৎকর্ষাবির্ভাবনং প্রার্থয়তি—প্রলয়েত্যাদিনা বসন্তে বাসন্তীত্যন্তেন। কেশব ইতি কেশিদৈত্যনিসূদন শ্রীকৃষ্ণ। জয় সর্ব্বোৎকর্ষমাবিষ্কুরু, তদাবিষ্করণসামর্থ্যে হেতুঃ। হে জগদীশ! জগতাম্ ঈশ! তথাবিধত্বেঽপি কারুণ্যমাহ। হরে হরতি ভক্তানামশেষক্লেশমিতি হরিঃ। হে তথাবিধ! তৎক্লেশহরত্বং তদেকপ্রয়োজনমাত্রাবতারত্বেন প্রতিপাদয়তি। তত্রাদৌ মীনরূপেণ নৌকারূপপৃথিব্যাকর্ষণেনাহ

কবিবর উমাপতিধর পল্লবিত করিতে সিদ্ধহস্ত, কঠিন পদযোজনা ও দ্রুত পদ বিন্যাসে শরণ কবি সর্ব্বত্র প্রশংসিত, শৃঙ্গাররসবিষয়ক ক্ষুদ্র ক্ষুদ্র সৎকবিতা রচনায় আচার্য্য গোবর্দ্ধনের ন্যায় অন্য কেহ নাই, কবিরাজ ধোয়ী বিশ্রুত শ্রুতিধর; কিন্তু সর্ব্বভাব-পরিশুদ্ধ ভগবদ্গুণনিচয়নিবদ্ধ বাক্য রচনায় কেবল জয়দেব কবিই প্রসিদ্ধ। ৪

ক্ষিতিরতিবিপুলতরে তিষ্ঠতি তব পৃষ্ঠে,
ধরণিধারণকিণচক্রগরিষ্ঠে।
কেশব ধৃতকচ্ছপরূপ (কূর্ম্মশরীর)
জয় জগদীশ হরে॥ ৬

—প্রলয়েতি। ধৃতং স্বেচ্ছয়াবিষ্কৃতং মৎস্যাকারং শরীরং যেন হে তথাবিধ! জয়। জয় জগদীশ হরে ইত্যেব ধ্রুবপদং প্রতিপদমনুবর্ত্তমানত্বাৎ। তদাকর্ষণপ্রকারমাহ—প্রলয়কালীনা যে সমুদ্রাস্তেষামেকীভূতে জলে মগ্নং বেদম্ অখেদং যথা স্যাত্তথা ধৃতবানসি। তৎপ্রকারমাহ—কৃতং নৌকায়াশ্চরিত্রং যত্র তৎ ইত্যপি ক্রিয়াবিশেষণং, সত্যব্রতং প্রলয়ক্লেশাদপাদিত্যর্থঃ। অনেনৈব মনীন্দ্রবীভৎসরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ৫

ন কেবলং তদাকর্ষণমাত্রেণ অপি তু তদ্ধারণপূর্ব্বকস্থিত্যাপীত্যাহ—ক্ষিতিরিতি। সর্ব্বত্র পূর্ব্ববন্মুখবন্ধযোজনা। হে ধৃতকচ্ছপরূপ! তব পৃষ্ঠে ক্ষিতিস্তিষ্ঠতি। নন্থ পঞ্চাশৎকোটিযোজনবিস্তীর্ণা কথং মম পৃষ্ঠে স্থিতা ইত্যাহ—অতিশয়েন বিপুলতরে পৃথিব্যপেক্ষয়াপ্যধিকবিস্তীর্ণে। পুনঃ কীদৃশে?—ধরণ্যাঃ ধারণেন যৎ কিণচক্রং শুষ্কব্রণসমূহস্তেন কঠিনে। অনেন কূর্ম্মস্যাদ্ভুতরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ৬

(মালবগৌড়রাগ ও রূপকতাল যোগে সেই জয়দেব-গীতি গীত হইতেছে)

হে কেশব! তুমি মীন-দেহ-ধারণে নৌকারূপী হইয়া প্রলয়-জলধি-জলে নিমজ্জিত বেদ সকল অনায়াসে উদ্ধার করিয়াছিলে, হে হরে! হে জগদীশ! তুমি জয়যুক্ত হও। ৫

হে কেশব! তুমি কচ্ছপরূপ ধারণ ও নিজ পৃষ্ঠদেশ বিপুলতররূপে বিস্তৃত করিয়া তাহাতে ধরা ধারণ করিয়াছিলে, সেই সময় পৃথিবী ঘর্ষণে তোমার পৃষ্ঠদেশ ব্রণচিহ্নে অঙ্কিত হইয়া গৌরবান্বিত হইয়াছিল; হে হরে! হে জগদীশ! জয়যুক্ত হও। ৬

বসতি দশনশিখরে ধরণী তব লগ্না,
শশিনি কলঙ্ককলেব নিমগ্না।
কেশব ধৃতশূকররূপ,
জয় জগদীশ হরে ॥ ৭

তব করকমলবরে নখমদ্ভুতশৃঙ্গং,
দলিতহিরণ্যকশিপুতনুভৃঙ্গম্।
কেশব ধৃতনরহরিরূপ,
জয় জগদীশ হরে ॥ ৮

ন চৈতাবতৈবোদ্বহনপূর্ব্বোদগমনেনাপীত্যাহ—হে ধৃতশূকররূপ! তব দন্তাগ্রে ধরণী লোকধারণকর্ত্র্যপি লগ্না বসতি। কুত্র কেব?—শশিনি চন্দ্রে নিমগ্না কলঙ্কস্য কলেব। অত্র দশনস্য বালচন্দ্রেণোপমা, ধরণ্যাঃ কলঙ্ককলয়া, অতএব নিমগ্নশব্দস্য উপাদানম্। অনেনৈব বরাহস্য ভয়ানকরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ৭

নাম্মনঃ ক্লেশসহনমাত্রেণ পরপীড়াপীত্যাহ—হে ধৃতনরহরিরূপ! তব করকমলবরে নখমস্তি। কীদৃশম্?—অদ্ভুতম্ আশ্চর্য্যং শৃঙ্গমগ্রভাগো যস্য তাদৃশম্। অদ্ভুতত্বমেবাহ—বিদারিতো হিরণ্যকশিপোর্দৈত্যস্য তনুরূপভৃঙ্গো যেন তৎ। অন্যদ্ধি কমলাগ্রং ভৃঙ্গেণ দল্যতে ইদন্তু কমলাগ্রং ভৃঙ্গং ব্যদালী-দিত্যদ্ভুতশৃঙ্গত্বং নখস্যেত্যর্থঃ। অনেনৈব শ্রীনৃসিংহস্য বৎসলরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ৮

হে কেশব! তুমি বরাহরূপে যখন সাগর-নীরনিমগ্না ধরা ধারণ করিয়াছিলে, তখন উহা চন্দ্রের কলঙ্করেখার ন্যায় শোভিত হইয়াছিল; হে হরে! হে জগদীশ! জয়যুক্ত হও। ৭

হে কেশব! ভ্রমরের পদভরে পদ্মের অগ্রভাগ ছিন্ন ভিন্ন হয়, কিন্তু নরসিংহ-

ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুতবামন,
পদনখনীরজনিতজনপাবন।
কেশব ধৃতবামনরূপ,
জয় জগদীশ হরে ॥ ৯

ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং,
স্নপয়সি পয়সি শমিতভবতাপম্।
কেশব ধৃতভৃগুপতিরূপ,
জয় জগদীশ হরে ॥ ১০

অপিচ কপটদৈন্যাদিনাপীত্যাহ—হে ধৃতবামনরূপ! হে অদ্ভুতবামনরূপ! বিক্রমণে পদাক্রমণনিমিত্তমুপাদায় বলিং ছলয়সি বঞ্চয়সি। পদনখনীরেণ জনিতং জনানাং পাবিত্র্যং যেন হে তাদৃশ! জয় এতদদ্ভুতত্বম্। অনেনৈব বামনস্য সখ্যরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ৯

ন সকৃন্মাত্রপরপীড়ায়া অসকৃত্তৎপীড়য়াপীত্যাহ—হে ভৃগুপতিরূপ! ক্ষত্রিয়াণাং যক্রুধিরং তন্ময়ে পয়সি জলে জগদ্রূপে কুরুক্ষেত্রতীর্থে জগৎ প্রাণিমাত্রম্ অপগতপাপং যথা স্যাত্তথা স্নপয়সি। কীদৃশম্?—তেন স্নপনেন শমিতঃ সংসার-তাপো যস্য তাদৃশঃ। তৎস্নানেন পাপক্ষয়াৎ জ্ঞানোৎপত্ত্যা ভবতাপশান্তিরিত্যর্থঃ। অনেনৈব পরশুরামস্য রৌদ্ররসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ১০

রূপধারী তোমার অদ্ভুত করকমলের তীক্ষ্ণ অদ্ভুত নখরাগ্রভৃঙ্গস্বরূপ হিরণ্যকশিপুর অঙ্গ বিদীর্ণ করিয়াছিল; হে হরে! হে জগদীশ! তুমি জয়যুক্ত হও। ৮

হে কেশব! তুমি অদ্ভুত বামনরূপ ধারণ করিয়া নিজ বিক্রমে ত্রিপাদ ভূমি যাজ্ঞাছলে বলিরাজকে ছলনা করিয়াছিলে; তোমার পদকমলের অঙ্গুষ্ঠ হইতে নিঃসৃত জলে জগৎ পবিত্র হয়; হে হরে! হে জগদীশ! জয়যুক্ত হও। ৯

হে কেশব! পরশুরাম অবতারে তুমি পিতৃবধজনিত দোষে দুর্দান্ত ক্ষত্রিয়গণ

বিতরসি দিক্ষু রণে দিক্‌পতিকমনীয়ং,
দশমুখমৌলিবলিং রমণীয়ম্ ।
কেশব ধৃতরামশরীর,
জয় জগদীশ হরে ॥ ১১

বহসি বপুষি বিশদে বসনং জলদাভং,
হলহতিভীতিমিলিতযমুনাভম্ ।
কেশব ধৃতহলধররূপ,
জয় জগদীশ হরে ॥ ১২

ন চৈতাবতা প্রিয়াবিয়োগাদিদুঃখসহনেনাপীত্যাহ—হে ধৃতরঘুপতিরূপ ! সংগ্রামে দশস্বপি দিক্ষু রাবণস্য যে মস্তকাস্ত এবোপহারস্তং দদাসি। কিমিত্য-চেত্তনাসু দিক্ষু বলিদানং দিশাং পতীনামিন্দ্রাদীনামভীষ্টং তৈরপি কথং স বলিঃ কাঙ্ক্ষ্যতে, রমণীয়ং পরোদ্বেজকস্য রাবণস্য মৌলিবলিস্তেষাং রতিজনক ইত্যর্থঃ। অনেনৈব শ্রীরামস্য করুণরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ১১

নৈতাবন্মাত্রং স্বপ্রেয়সী-শ্রমরূপ-ক্লেশাপনোদনায়াত্মভক্তযমুনাকর্ষণাদিনাপ্যাহ—হে ধৃতহলধররূপ ! ত্বং শুভ্রে বপুষি জলদবন্নীলং বসনং ধারয়সি। তত্রোৎ-প্রেক্ষ্যতে,—হলেন হতির্হননং তস্যা ভীত্যা মিলিতা যমুনা তদ্বদাভা যস্য তৎ। অনেনৈব শ্রীহলধরস্য হাস্যরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ১২

বধে তাহাদের রক্ত দ্বারা পিতৃগণের তৃপ্তি সাধন ও বসুমতী অভিষিক্ত করিয়া জগতের পাপতাপ হরণ করিয়াছিলে ; হে হরে ! হে জগদীশ ! জয়যুক্ত হও। ১০

হে কেশব ! তুমি রামরূপে রাবণবধ ব্যাপারে দশদিকে দশদিক্‌পালকুলের অভিবাঞ্ছিত তদীয় দশমুণ্ড জনগণের কমনীয় বলিস্বরূপ প্রদান করিয়াছিলে ; হে হরে ! হে জগদীশ ! জয়যুক্ত হও। ১১

হে কেশব ! বলরামরূপে তুমি যখন মেঘবর্ণ নীল বসন পরিধান কর,

নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং,
সদয়হৃদয়দর্শিতপশুঘাতম্ ।
কেশব ধৃতবুদ্ধশরীর,
জয় জগদীশ হরে ॥ ১৩

ম্লেচ্ছনিবহনিধনে কলয়সি করবালং,
ধূমকেতুমিব কিমপি করালম্ ।
কেশব ধৃতকল্কিশরীর,
জয় জগদীশ হরে ॥ ১৪

কিঞ্চ নিজাজ্ঞারূপবেদবিরুদ্ধবাদপ্রবর্ত্তনেনাপীত্যাহ। ত্বং যজ্ঞবিধের্যজ্ঞবিধায়কবেদবাক্যসমূহং নিন্দসীত্যহহেত্যেতদ্ভুতং স্বয়ং বেদান্ প্রকাশ্য স্বয়মেব নিন্দসীত্যদ্ভুতম্। তৎপ্রকারমাহ।—দর্শিতঃ পশূনাং ঘাতো যত্র তদ্ যথা স্যাত্তথা কথং নিন্দসীত্যাহ—পশুষু সদয়ং হৃদয়ং যস্য হে তাদৃশ অহিংসা পরমো ধর্ম্ম ইত্যাদিনা দৈত্যমোহনায় পশুষু দয়াসহিত ইত্যর্থঃ। অহেঃ পয়ঃ পোষ ইব দৈত্যানাং যজ্ঞকরণমনুচিতমিতি তন্মোহনং যুক্তমিত্যর্থঃ। অনেনৈব বুদ্ধস্য শাস্তরসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ১৩

বুদ্ধধর্ম্মং বিনা প্রাণিবধেনাপীত্যাহ—হে ধৃতকল্কিশরীর! ত্বং ম্লেচ্ছনিবহস্য নাশনিমিত্তং করবালং খড়্গং কলয়সি, কলিহন্ত্যোঃ কামধেনুর্ধারয়সি।

তখন হলাকর্ষণ-শঙ্কিতা সঙ্কুচিতা যমুনার ন্যায় তোমার শুভ্র শরীরে সেই বসন বিলীন হইয়া শোভিত হইয়াছিল, হে হলধর! হে হরে! হে জগদীশ! জয়যুক্ত হও। ১২

হে কেশব! বুদ্ধরূপে পশুহিংসা সন্দর্শনে তোমার সকরুণ কোমল হৃদয় দ্রবীভূত হইলে তুমি হিংসাদোষ প্রদর্শনপূর্ব্বক যজ্ঞবিধান প্রবর্ত্তক বেদের নিন্দা করিয়াছিলে; হে হরে হে জগদীশ! জয়যুক্ত হও। ১৩

শ্রীজয়দেবকবেরিদমুদিতমুদারং,
শৃণু শুভদং সুখদং ভবসারম্।
কেশব ধৃতদশবিধরূপ,
জয় জগদীশ হরে ॥ ১৫

বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে,
দৈত্যান্ দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে,
ম্লেচ্ছান্ মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ ॥ ১৬

কীদৃশম্?—কিমপি অনির্ব্বচনীয়ম্ অতিশয়মিত্যর্থঃ। করালং ভয়ঙ্করম্। কিমিব?—ধূমকেতুনামা য ঔৎপাতিকো গ্রহস্তমিব। অনেনৈব কল্কিনো বীররসাধিষ্ঠাতৃত্বং বিজ্ঞাপিতম্। ১৪

এবং প্রত্যেকাঙ্গরসাধিষ্ঠাতৃপুরস্কারেণ নিবেদ্য সমুদিতাঙ্গরসাধিষ্ঠাতৃপুরস্কারেণ নিবেদয়তি—হে দশবিধরূপ শ্রীকৃষ্ণ! জয়। জয়দেবকবের্ম্মেদমুদিতং শৃণু। কীদৃশম্?—শুভদং জগন্মঙ্গলপ্রদম্। যতো ভবস্য জন্মনঃ ত্বদবতারাণাং সারং রহস্যং যত্র তৎ, অতএবোদারং পরমং মহৎ সুখদং পরমানন্দপ্রদং জন্ম গুহ্যমিতি শ্রীমুক্তোক্তেঃ। ১৫

হে কেশব! যুগান্ত সময়ে ম্লেচ্ছগণের নিধনের জন্য নিজ করে করাল অসি ধারণ করিয়া ধূমকেতুর ন্যায় কল্কিরূপে অবতীর্ণ হইয়াছিলে; হে হরে! হে জগদীশ! তুমি জয়যুক্ত হও। ১৪

কেশব এই মৎস্যাদি দশাবতার দেহ ধারণে ধরায় অবতীর্ণ হইয়াছিলেন; জয়দেব কবির কথিত সেই শুভদ সুখদ সংসার-সারভূত উদার বাক্য শ্রবণ কর। (আর বল)—হে কেশব! দশাবতারদেহধারিন্! হে হরে! হে জগদীশ! তুমি জয়যুক্ত হও। ১৫

[গীতম্]

(গুর্জ্জরীরাগেণ নিঃসারতালেন চ গীয়তে)

শ্রিতকমলাকুচমণ্ডল ধৃতকুণ্ডল (এ)
কলিতললিতবনমাল ! জয় জয় দেব হরে ॥ ১৭ (ধ্রুবম্)

অথ বর্ত্তমানপ্রত্যয়ৈরবতারাণাং তত্তল্লীলানামপি নিত্যত্বপ্রতিপাদনেন শ্রীকৃষ্ণস্য নিত্যং তত্তদবতারলীলত্বং বক্তুম্ উক্তগীতার্থমেকশ্লোকেন নিবধ্নন্নাহ—বেদানিতি। দশাবতারান্ কুর্ব্বতে শ্রীকৃষ্ণায় সর্ব্বাকর্ষণানন্দায় তুভ্যং নমোঽস্তু। দশাকৃতিত্বং প্রকটয়ন্নাহ—মীনরূপেণ বেদোদ্ধরণং কুর্ব্বতে, কূর্ম্মরূপেণ ভুবনানি বহতে, বরাহরূপেণ পৃথিবীমণ্ডলমূর্দ্ধং নয়তে, নৃসিংহরূপেণ হিরণ্যকশিপুং দারয়তে, বামনরূপেণ বলিং ছলয়তে, ছলেন ব্যাজেনাত্মসাৎ কুর্ব্বতে, পরশুরামরূপেণ দুষ্টক্ষত্রিয়াণাং নাশং কুর্ব্বতে, শ্রীরামরূপেণ রাবণং জয়তে, বলভদ্ররূপেণ দুষ্টদমনায় হলং ধারয়তে, কারুণ্যং বিস্তারয়তে, কল্কিরূপেণ ম্লেচ্ছান্নাশয়তে। অনেনৈব সর্ব্বাবতারিত্বেন শ্রীকৃষ্ণস্য সর্ব্বরসত্বং সিদ্ধম্। ১৬

অথ তেনৈব সর্ব্বোপাস্যত্বেঽপি ধ্যেয়বিশেষত্বং বদন্ শ্রীকৃষ্ণস্য সর্ব্বনায়ক-শিরোরত্নতাপ্রতিপাদনায় ধীরোদাত্তত্বাদি-চতুর্ব্বিধ-নায়ক-গুণসমন্বয়েন সর্ব্বোৎকর্ষাবির্ভাবনং প্রার্থয়তে—শ্রিতকমলেত্যাদিভিঃ। তত্র পরমব্যোমনাথত্বেন ধীরললিতত্বমাহ। শ্রিতমাশ্রিতং লক্ষ্যাঃ কুচমণ্ডলং যেন হে তাদৃশ! অনেন

হে হরে! তুমি মৎস্যরূপে বেদ উদ্ধার, কূর্ম্মরূপে পৃষ্ঠে ধরা ধারণ, বরাহরূপে জলমগ্ন পৃথিবী উত্তোলন, নরসিংহ মূর্ত্তিতে হিরণ্যকশিপুর বিশাল বক্ষ বিদারণ, বামন অবতারে ত্রিপাদ-ভুমি যাজ্ঞাছলে বলি-ছলন, পরশুরামরূপে ক্ষত্রিয়কুল-সংহার, রামাবতারে রাক্ষসরাজ রাবণ নিধন, বলরাম দেহে হল-ধারণ পূর্ব্বক যমুনাকর্ষণাদি অদ্ভুতলীলা বিলাস, বুদ্ধরূপে অহিংসার প্রবর্ত্তন-রূপ করুণা প্রদর্শন, কল্কিরূপে ম্লেচ্ছগণের মোহ মূর্চ্ছা-সম্পাদন এই দশবিধ লীলা প্রকট করিয়াছ; হে কৃষ্ণ! তোমাকে নমস্কার। ১৬

দিনমণিমণ্ডলমণ্ডন ভবখণ্ডন (এ)
মুনিজনমানসহংস। জয় জয় দেব হরে ॥ ১৮
কালিয়বিষধরগঞ্জন জনরঞ্জন (এ)
যদুকুলনলিন-দিনেশ। জয় জয় দেব হরে ॥ ১৯

বিদগ্ধত্বপরিহাসবিশারদত্বপ্রেয়সীবশত্বনিশ্চিন্তত্বানি সূচিতানি। অতএব ধৃতে কুণ্ডলে যেন হে তাদৃশ! ধৃতা সুন্দরী বনমালা যেন হে তাদৃশ! অনেন বিশেষণদ্বয়েন নবতারুণ্যং তেনৈব বেশবিন্যাসসিদ্ধেঃ। হে দেব! হে হর! জয় উৎকর্ষমাবিষ্কুরু। ইতি সর্ব্বত্র যোজনা নিষ্পাদ্যাঃ বিশেষেণ। জয় জয় দেব হরে ইতি ধ্রুবপদম্। ১৭

অথ সূর্য্যমণ্ডলান্তর্ধ্যেয়ত্বেন ধীরশান্তত্বমাহ। সূর্য্যমণ্ডলং মণ্ডয়তি ভূষয়তীতি হে তথাবিধ! জয়। ইতি ক্লেশসহনত্বং বিনয়াদিগুণোপেতত্বঞ্চ; অতএব মননশীলানাং মানসংহস! মানসে সরসি হংস ইব সদা তচ্চিত্তে স্থিত ইত্যর্থঃ; অতএব সমপ্রকৃতিকত্বং বিনয়াদিগুণোপেতত্বঞ্চ; যেন তৎসংসারং নাশয়তীতি হে তাদৃশ ইতি বিবেচকত্বম্। ১৮

"নিত্যোপাস্যত্বেনাপি ধ্যেয়বিশেষত্বেন ধীরোদ্ধতত্বমাহ—দ্বাভ্যাম্। কালিয়নামা বিষধরঃ সর্পস্তস্য গঞ্জন। জনান্ ব্রজজনান্ রঞ্জয়তীতি হে জনরঞ্জন! কিমিতি তান্ রঞ্জয়সীত্যাহ। যদুকুলমেব নলিনং তস্য দিনেশ সূর্য্য ইব। "যাদবানাং হিতার্থায় ধৃতো গিরিবরো ময়া" ইত্যাদি বচনাদ্গোপা এব যাদবা অতো গোকুল-

---

(গুর্জ্জরীরাগ ও নিঃসারতালে জয়দেবকবিকৃত গাথা গীত হইতেছে)

হে কমলাপয়োধরবিলাসিন্! হে কুণ্ডলধারিন্! হে মনোহরবনমালাধারিন্! হে দেব! হে হরে! তুমি জয়যুক্ত হও। ১৭

হে দেব! রবিমণ্ডল তোমার মণ্ডন স্বরূপ, তুমি ভবভয় খণ্ডন কর, তুমি মুনিগণের হৃদয়সরোবরে হংসস্বরূপে বিচরণ করিয়া থাক; হে হরে! তুমি জয়যুক্ত হও। ১৮

মধুমুরনরকবিনাশন গরুড়াসন (এ)
সুরকুলকেলিনিদান ! জয় জয় দেব হরে ॥ ২০
অমলকমলদললোচন ভবলোচন (এ)
ত্রিভুবনভবননিধান ! জয় জয় দেব হরে ॥ ২১

প্রকাশক ইত্যর্থঃ। কালিয়েতি মাৎসর্য্যবত্ত্বং জনরঞ্জনেতি যদুকুলেতি চ অহঙ্কারিত্বম্ অহন্তয়া মমতয়া চ জনরঞ্জনাদিসিদ্ধেঃ। ১৯

তস্যৈব দ্বারকাত্বপান্তদ্বয়েনাহ। মধুমুরনরকান্ বিনাশয়তীতি হে তথাবিধ! জয়। গরুড়ঃ পক্ষিরাজঃ স এব আসনং যস্য হে তাদৃশ! সুরকুলকেলীনাং নিদানম্ আদিকারণং হে তাদৃশ! এতৈর্মায়াবিদ্যাদিচতুষ্টয়ম্। ২০

সর্ব্বতাপোপশমনপূর্ব্বকসর্ব্বাভীষ্টপ্রদতয়া দেবসাহায়করূপেণ ধীরোদাত্তত্ব-মাহ দ্বাভ্যাম্। নির্ম্মলকমলদলে এব তাপশমকে লোচনে যস্য হে তাদৃশ! জয় ইতি। তাদৃশলোচনোপলক্ষিতগম্ভীরত্বং কথং তাপশমকম্ অত আহ— ভবং সংসারং মোচয়তীতি হে তাদৃশ! ইতি করুণত্বম্। তদপি কুতঃ?— ত্রিভুবনানাং ভবনস্য নিধানো নিধিরিব কারণং জনক ইত্যর্থঃ। ইতি বিনয়িত্বম্। ২১

হে দেব! তুমি কালিয়সর্পের বিষাপহারক, জনগণের মনোরঞ্জন, যদুবংশ-রূপ পদ্মের প্রফুল্লতা-কারক দিবাকর, হে হরে! তুমি জয়যুক্ত হও। ১৯

হে হরে! তুমি মধু, মুর ও নরক নামক দানব বিনাশক, গরুড়াসন এবং দেবগণের সহিত ক্রীড়া কর; হে হরে! তোমার জয় হউক, জয় হউক। ২০

হে দেব! তোমার লোচন অমল-কমল পত্রের ন্যায় আয়ত, তুমি সংসার-ত্রাণকর্ত্তা ও ত্রিভুবনের উৎপত্তি-কারণ; হে হরে! তোমার জয় হউক, জয় হউক। ২১

জনকসুতাকৃতভূষণ জিতদূষণ (এ)
সমরশমিতদশকণ্ঠ ! জয় জয় দেব হরে ॥ ২২
অভিনবজলধরসুন্দর ধৃতমন্দর (এ)
শ্রীমুখচন্দ্রচকোর ! জয় জয় দেব হরে ॥ ২৩
তব চরণে প্রণতা বয়মিতি ভাবয় (এ)
কুরু কুশলং প্রণতেষু জয় জয় দেব হরে ॥ ২৪

জনকসুতয়া কৃতং ভূষণং যস্য হে তাদৃশ ! জয়। ইতি সুদৃঢ়ব্রতত্বম্। জিতো দূষণস্তন্নামা রাক্ষসো যেন হে তাদৃশ ! ইত্যকথনত্বম্। সংগ্রামে শমিতঃ রাবণো যেন হে তাদৃশ ! ইতি ক্ষন্তৃত্বগূঢ়গর্ব্বত্বসুসত্বভূষানি। ২২

অস্মিন্ ধীরললিতমুখ্যত্বপ্রতিপাদনায় অজিতরূপত্বেন সংপুটিতমিব পুনস্তমেবাহ —অভিনবেতি। হে নবীনমেঘবৎ সুন্দর ! জয়। ধৃতো মন্দরস্তন্নামা গিরির্যেন হে তাদৃশ ! ক্ষীরাব্ধিমথন ইত্যধিগন্তব্যম্। আভ্যাং নবতারুণ্যং তদগ্রিগমঞ্চ। কুতঃ ?—শ্রিয়ঃ সমুদ্রমথনাবিভূর্তায়া মুখচন্দ্রে চকোর ইব সলালস ইতি প্রেয়সী-বশত্বম্। এতেষু কেচিদ্গুণা অংশেন শ্রীকৃষ্ণে সর্ব্ব এব পূর্ণতয়া বিরাজন্ত ইতি সর্ব্বোৎকর্ষকত্বম্। অতোঽত্রাপি নবপদৈঃ সমাপ্তিঃ। ২৩

অথ স্বসহিতেষু তৎশ্রোতৃবর্গেষু প্রসাদং প্রার্থয়তে। হে শ্রীকৃষ্ণ ! তব চরণে বয়ং প্রণতা ইতি ভাবয় জানীহি। ইতি জ্ঞাত্বা কিং কর্ত্তব্যম্ ?—প্রণতেষু

হে দেব ! তুমি রামরূপে জানকীর ভূষণস্বরূপ পতি হইয়াছিলে, সমরে দূষণ রাক্ষসকে জয় ও দশাননকে বিনাশ করিয়াছিলে, হে হরে ! তোমার জয় হউক, জয় হউক। ২২

হে দেব ! তুমি নূতন মেঘের মত সুন্দরকান্তি, সমুদ্রমন্থনে স্বীয় পৃষ্ঠে মন্দর গিরিধারী, রাধাবদন-চন্দ্রের চকোরস্বরূপ, হে হরে ! তোমার জয় হউক, জয় হউক। ২৩

শ্রীজয়দেবকবেরিদং কুরুতে মুদং(এ)
মঙ্গলমুজ্জ্বলগীতি, জয় জয় দেব হরে ॥ ২৫

পদ্মাপয়োধরতটীপরিরম্ভলগ্ন-কাশ্মীরমুদ্রিতমুরো মধুসূদনস্য ।
ব্যক্তানুরাগমিব খেলদনঙ্গখেদ-স্বেদাম্বুপূরমনুপূরয়তু প্রিয়ং বঃ ॥ ২৬

অস্মাসু কুশলং তল্লীলানুভবসামর্থ্যং কুরু দেহি। তল্লীলানুভবস্য ত্বৎপ্রসাদং বিনানুপপত্তেঃ। পরমানন্দরূপত্বাদিত্যর্থঃ। ২৪

অত্র স্বানুভবং প্রমাণয়তি। ইদং জয়দেবকবের্মম মুদং করোতি। ইদমিতি কিম্?—মঙ্গলং মঙ্গলাচরণমাত্রম্। কীদৃশম্?—উজ্জ্বলস্য শৃঙ্গারস্য গীতির্গানং যত্র তৎ। এবঞ্চেৎ কিমুত কেলীনামিত্যর্থঃ। ২৫

এবং প্রার্থ্য শ্রোতৄন্ প্রতি আশিষমাতনোতি পদ্মেতি। মধুসূদনস্য বক্ষ্যমাণ-রীত্যা শ্রীকৃষ্ণস্য উরো বো যুষ্মাকং প্রিয়ং বাঞ্ছিতম্ অনু নিরন্তরং পূরয়তু। কীদৃশম্?—পদ্মা শ্রীরাধা তস্যাঃ পয়োধরপ্রান্তভাগপরিরম্ভলগ্নকুঙ্কুমেন মুদ্রিতম্ অঙ্কিতং মুদ্রাং প্রাপিতমিত্যর্থঃ। অত্রান্যা মা বিশতু ইত্যভিপ্রায়েণৈবেতি ভাবঃ। অতএব খেলতা অনঙ্গেন যঃ খেদস্তেন স্বেদাম্বুনাং পূরঃ প্রবাহো যত্র তৎ। তত্রোৎপ্রেক্ষ্যতে।—ব্যক্তঃ প্রকটীভূতোঽনুরাগো যত্র তদিব। অন্তরুচ্ছলিতঃ প্রিয়ানুরাগো বহিঃ কাশ্মীররূপেণ উরসি আবির্ভূত ইত্যর্থঃ। ২৬

হে দেব! আমাদিগকে তোমার চরণতলে প্রণত জানিয়া মাদৃশ প্রণত জনের মঙ্গল কর; হে হরে! তোমার জয় হউক, জয় হউক। ২৪

জয়দেব কবির এই শৃঙ্গাররসময় মঙ্গলকর উজ্জ্বল গীতি সকলের আনন্দ বর্দ্ধন করুক; হে দেব! হে হরে! তোমার জয় জয়। ২৫

শ্রীমতী রাধার সহিত প্রগাঢ় আলিঙ্গনে তদীয় স্তনপ্রান্তের কুঙ্কুমরসে শ্রীকৃষ্ণের যে বিশাল বক্ষঃ শোভিত হয় এবং মনে হয় উহাতে যেন তাঁহার হৃদয়াভ্যন্তরস্থ অনুরাগ বক্ষে ফুটিয়া বাহির হইয়াছে; মদন-সন্তাপ-জন্য নির্গত

(গীতম্)

[বসন্তরাগযতিতালাভ্যাং গীয়তে]

বসন্তে বাসন্তীকুসুমসুকুমারৈরবয়বৈ-
র্ভ্রমন্তীং কান্তারে বহুবিহিতকৃষ্ণানুসরণাম্ ।
অমন্দং কন্দর্পজ্বরজনিতচিন্তাকুলতয়া,
বলদ্বাধাং রাধাং সরসমিদমূচে সহচরী ॥ ২৭

তদেবং মঙ্গলসঙ্গমেনৈব মাধবোৎকর্ষমাবিষ্কৃত্য উপক্রমোক্ত-শ্রীরাধামাধব-রহঃকেলি-বর্ণনোৎকলিকোচ্ছলিত-চিত্তঃ কবির্দক্ষিণ-ধৃষ্ট-শঠ-নায়কগুণসমন্বয়ৈঃ শ্রীরাধিকায়াং শ্রীকৃষ্ণস্যানুকূলনায়কতাপ্রতিপাদনার্থং সূচীকটাহন্যায়েন শ্রীশুকোক্তিবৎ সাধারণ্যেনান্যাভিস্তদ্বিহরণং সমাসেন সমাপয়িতুকামস্তেনৈব শ্রীরাধিকায়াঃ সর্ব্বোৎকর্ষমাবিষ্কর্ত্তুং তত্র তত্র তস্যাঃ অষ্টনায়িকাবস্থাং বর্ণয়ন্ সম্ভোগ-পোষকবিপ্রলম্ভশৃঙ্গারবর্ণনায় প্রথমং বিরহোৎকণ্ঠিতভামাহ—বসন্ত ইতি। বসন্ত-সময়ে তৎসহচারিণী সখী শ্রীরাধিকাং সরসং যথা স্যাত্তথা ইদং বক্ষ্যমাণমূচে। শ্রীকৃষ্ণাভিপ্রায়ং জ্ঞাপয়িতুমিতি জ্ঞেয়ম্। কীদৃশম্? মাধবীপুষ্পতোঽপি কোমলৈ-রঙ্গৈরুপলক্ষিতাং যুক্তামিত্যর্থঃ। তাদৃশ্যপি দুর্গমে বর্ত্মনি ভ্রমন্তীম্। নমু কান্তারে কথং ভ্রমতি?—বহু যথা স্যাত্তথা কৃতং কৃষ্ণানুসরণং যয়া তাম্। অমন্দং যথা স্যাত্তথা কন্দর্পেন কামেন তৎপ্রাপ্ত্যভিলাষেণ যো জ্বরস্তেন জনিতয়া চিন্তয়াকুলতয়া বলবতী পীড়া যস্যাস্তাম্। অত্র তাং বিহায় অন্যাভিস্তদ্বিহর-ণেনেদং গম্যতে। শারদীয়রাকারাত্রৌ প্রথমরাসমহোৎসবে শ্রীরাধিকায়া অসমানোর্দ্ধরূপগুণবিলাসমনুভূয় তস্যাং সর্ব্ববিজয়িস্বানুরাগং সফলং মন্যমানস্য শ্রীকৃষ্ণস্য ক্বচিৎ কদাচিৎ কথঞ্চিত্তৎসাদৃশ্যং ভবেন্ন বেতি স্থূণানিখননন্যায়েন

ঘর্ম্মবিন্দুসিক্ত সেই শ্রীকৃষ্ণ-বক্ষঃস্থল অনুক্ষণ তোমাদের অভীষ্ট সাধন করুক। ২৬

ললিতলবঙ্গলতাপরিশীলনকোমলমলয়সমীরে,
মধুকরনিকরকরম্বিতকোকিলকূজিতকুঞ্জকুটীরে।
বিহরতি হরিরিহ সরসবসন্তে,
নৃত্যতি যুবতিজনেন সমং সখি বিরহিজনস্য দুরন্তে ॥২৮ (ধ্রুবম্)

তদ্বিবিৎসায়াং চিরমত্যদ্ভুতায়াং দিনকতিপয়ানন্তরং লীলেয়মিতি। অথবা তদ্বিবিৎসায়ামত্যদ্ভুতায়াং তদিচ্ছানুসারিণ্যা যোগমায়য়া কংসানুজ্ঞাতাক্রূরাগমনে কৃতে তদর্থমেবানেকনারীসংকুলাং শ্রীমথুরামসৌ গতবান্। গত্বা চ তত্র নারী-প্রভিতিষু ব্রজসুন্দরীণামিব রূপগুণাদিমননুভূয় শ্রীদ্বারাবতীং তদাশয়া জগাম। তত্র নরেন্দ্রকন্যা বিবাহ্যাপি নরকাসুরাহৃতগন্ধর্ব্বযক্ষনাগনরকন্যানাং শতাধিকষোড়শ-সহস্রাণি বিবাহ্য তাসু তাস্বপি তাসাং সাদৃশ্যং ন লব্ধম্; ততো দন্তবক্রবধানন্তরং পুনর্ব্রজাগমনে জাতে সত্যেব লীলেয়মিতি। কেশিমথনমিতি হরিঃ কুবলয়াপীড়েন সার্দ্ধমিত্যাদি বক্ষ্যমাণত্বাৎ প্রোষিতভর্ত্তৃকাঙ্গীকারাচ্চ। ২৭

কিমূচে ইত্যপেক্ষায়ামাহ—ললিতেত্যাদিনা। হে সখি! ইহ বৃন্দাবনবিপিনে রসঃ শৃঙ্গারস্তৎসহিতে বসন্তসময়ে হরির্বিহরতি। কেন প্রকারেণ?—যুবতিজনেন সমং নৃত্যতি। কীদৃশে?—বিরহিজনস্য দুরন্তে দুঃখেন গময়িতুং শক্যে। ইত্যুভয়োর্বিশেষণম্। হরির্মনোহরণশীলঃ অতোঽস্য বিরহো দুঃসহঃ সরসোঽপি বসন্তোঽয়ং বিরহিণাং দুঃখদত্বাৎ দুরন্ত ইত্যর্থঃ। তদভিপ্রায়জ্ঞানাভাববীর্য্যাদিক-

[যতিতাল সহযোগে বসন্তরাগে গীত গান]

বসন্ত ঋতুতে শ্রীমতী রাধা এক দিবস প্রবল মদনবেদনায় বনে বনে ভ্রমণ করিয়া বহুযত্নে শ্রীকৃষ্ণের অন্বেষণ করিতে থাকিলে বাসন্তী কুসুমের ন্যায় তাঁহার সুকুমার অঙ্গ অতিশয় ক্লান্ত ও মদন-যন্ত্রণা-জনিত চিন্তায় কাতর হয়; তৎকালে কোন সখী ব্যথিত-হৃদয়া রাধাকে সম্বোধন করিয়া সাদরে বক্ষ্যমাণ মধুর বাক্যাবলী বলিয়াছিলেন। ২৭

উন্মদমদনমনোরথপথিকবধূজনজনিতবিলাপে,
অলিকুলসঙ্কুলকুসুমসমূহনিরাকুলবকুলকলাপে (বিহরতি) ॥ ২৯
মৃগমদসৌরভরভসবশংবদনবদলমালতমালে।
যুবজনহৃদয়বিদারণমনসিজনখরুচিকিংশুকজালে (বিহরতি) ॥ ৩০

নিবারণায় ইদমুক্তং ধ্রুবম্। বসন্তস্যৈব বিশেষণানি বৃন্দাবনস্যাপি সম্ভবন্তি। কীদৃশে?—ললিতায়া লবঙ্গলতায়াঃ পরিশীলনেন আলিঙ্গনেন কোমলো মলয়াচলসম্বন্ধী সমীরো যত্র তস্মিন্; লতানারীসংস্পর্শাৎ কোমলত্বেন মান্দ্যম্; পুষ্পসম্বন্ধাৎ সৌগন্ধ্যম্, যমুনাজলসম্বন্ধাৎ শৈত্যম্, অচেতনাপি লতা কান্তমন্তরেণ চেৎ স্থাতুং ন শক্নোতি তর্হি চেতনানাং কা কথেত্যর্থঃ। তথা মধুকরাণাং সমূহেন করম্বিতানাং মিশ্রিতানাং কোকিলানাং কূজিতং যত্র স কুঞ্জকুটীরো যত্র তস্মিন্। ২৮

বিরহিজনদুরন্ততামাহ—পুনঃ কীদৃশে?—উদগতো মদো যস্য তেন মদনেন মনোরথো যেষাং তেষাং পথিকবধূজনানাং জনিতো বিলাপো যেন তস্মিন্। যতঃ অলিকুলেন সংকুলেন ব্যাপ্তেন কুসুমসমূহেন নিঃশেষেণাকুলঃ বকুলকলাপো যত্র তস্মিন্। ২৯

সখি! বসন্ত সমাগমে মলয়ানিল-সম্পর্কে কোমল লবঙ্গ-লতিকার কেমন মনোরম দৃশ্য হইয়াছে; মধুকর-নিকরের মধুর গুঞ্জনে ও কোকিলকুলের কুহুরবে নিকুঞ্জ কুটীর মুখরিত হইয়া উঠিয়াছে; এইরূপ সরস বসন্তে শ্রীহরি যুবতীগণের সহিত ক্রীড়া করিতেছেন; হায়! দুরন্ত বসন্ত ঋতু বিরহিণীগণের কি যাতনাপ্রদ! ২৮

যাহাদের প্রণয়ীরা পথিকবেশে ভ্রমণরত, প্রেমমদে মত্ত সেই সকল পথিক-রমণী উৎকট মদনভরে ব্যাকুল হইয়া এই বসন্ত সময়ে বিলাপ করিতেছে, বকুলবৃক্ষরাজি কুসুম-শোভিত, তাই অলিকুল তাহাদের উপর পতিত হইয়া তাহাদিগকে একান্ত আকুলিত করিয়া তুলিতেছে। ২৯

মদনমহীপতিকনকদণ্ডরুচিকেশরকুসুমবিকাশে !
মিলিতশিলীমুখপাটলিপটলকৃতস্মরতূণবিলাসে (বিহরতি) ॥ ৩১
বিগলিতলজ্জিতজগদবলোকনতরুণকরুণকৃতহাসে।
বিরহিনিকৃন্তনকুন্তনমুখাকৃতিকেতকিদন্তুরিতাশে (বিহরতি) ॥ ৩২

পুনঃ কীদৃশে ?—কস্তূরিকায়াঃ সুগন্ধস্য যো রভসঃ অতিশয়ঃ তস্যায়ত্তা নবদলানাং শ্রেণী যেষু তে তমালা যত্র তস্মিন্। তথা যুবজনানাং হৃদয়বিদারণায় মনসিজস্য যে নখাস্তদ্বক্রচির্যেষাং পলাশকুসুমানাং তেষাং সমূহো যত্র তস্মিন্ যুবযুবতিনির্দ্দয় ইতি ভাবঃ। ৩০

পুনঃ কীদৃশে ?—মদনমহীপতেঃ সুবর্ণচ্ছত্রস্য ইব রুচির্যস্য নাগকেশরকুসুমস্য বিকাশো যত্র তস্মিন্। কিঞ্চ :মিলিতাঃ শিলীমুখা ভ্রমরা যস্মিন্ তেন পাটলি-পুষ্পসমূহেন কৃতঃ তূণীরস্য বিলাসো যত্র তস্মিন্। পাটলিপুষ্পস্য তূণাকারত্বাৎ শিলীমুখশব্দস্য শ্লিষ্টার্থত্বাৎ সাম্যম্। ৩১

পুনঃ কীদৃশে ?—বিগলিতং লজ্জিতং লজ্জা যস্য তস্য জগতঃ প্রাণিমাত্রস্যা-বলোকনেন তরুণৈঃ করুণবৃক্ষৈঃ পুষ্পব্যাজেন কৃতো হাসো যত্র তস্মিন্। যূনামেব কামাভিজ্ঞতয়া হাস্যস্যোপযুক্তত্বে শ্লিষ্টার্থস্য তরুণশব্দস্যোপাদানম্। তথা বিরহিণাং নিকৃন্তনায় কুন্তস্য অস্ত্রবিশেষস্য মুখমিব আকৃতির্যাসাং তাভিঃ কেতকীভির্দন্তুরিতা উন্নতদন্তা আশা দিশো যত্র তস্মিন্। অনেন অতিনির্দ্দয়তা সূচিতা। ৩২

নব নব পল্লবে সুশোভিত তমাল তরুনিকর কস্তূরীর ন্যায় সৌরভ বিস্তার করিতেছে; বিকাশোন্মুখ পলাশকুসুমসমূহ যেন মদনের নখের আকার ধারণ করিয়া যুবক-যুবতীদিগের হৃদয় বিদীর্ণ করিতে উদ্যত হইতেছে। ৩০

এই বসন্ত ঋতুতে কামদেব নরপতিরূপে বিরাজমান; প্রস্ফুটিত নাগকেশর কুসুমসমূহ উহার স্বর্ণচ্ছত্র এবং ভ্রমরবেষ্টিত পাটলি পুষ্পরাজি উহার বিশাল তূণীর রূপে উপশোভিত। ৩১

মাধবিকাপরিমলললিতে নবমালিকয়াতিসুগন্ধৌ।
মুনিমনসামপি মোহনকারিণি তরুণকারণবন্ধৌ (বিহরতি) ॥ ৩৩
স্ফুরদতিমুক্তলতাপরিরম্ভণপুলকিতমুকুলিতচূতে।
বৃন্দাবনবিপিনে পরিসরপরিগতযমুনাজলপূতে (বিহরতি) ॥ ৩৪

পুনঃ কীদৃশে-?—মাধবিকায়াঃ সৌরভেন ললিতে তথা নবমালিকাপুষ্পৈরতি-সৌরভে। মুনিমনসামপি মোহজনকে কামিনাং কা বার্ত্তেত্যর্থঃ। ঈদৃশোঽপি যঃ সমাধিযুক্ত-মুনীনাং মনস্থ্যদ্বেজকঃ স কথং চিরং তিষ্ঠতি? তরুণানাং নিরুপাধিকমিত্রে একশেষস্তরুণশব্দঃ তরুণ্যশ্চ তরুণাশ্চ তেষামিতি। ৩৩

পুনঃ কীদৃশে?—স্ফুরন্ত্যা মাধবীলতায়াঃ পরিরম্ভণেন পুলকিত ইব মুকুলিতো চূতো রসালতরুর্যত্র তস্মিন্। যথা কশ্চিদ্বরাঙ্গনালিঙ্গিতঃ পুলকিতো ভবতীত্যভি-প্রায়ঃ। কীদৃশে বৃন্দাবনবিপিনে?—পর্য্যন্তব্যাপ্তযমুনাজলেন পূতে পবিত্রে শোভিত ইত্যর্থঃ। ৩৪

বসন্ত-ঋতুর সমাগমে জগতের জীবগণ যেন লজ্জাহীন হইয়াছে, তদ্দর্শনে তরুণ করুণ তরুরাজি যেন পুষ্প-বিকাশচ্ছলে হাস্য করিতেছে, দিক্ সকল কেতকীকুসুমচ্ছলে কুন্তাস্ত্রমুখাকারে দন্ত বিকাশ করিয়া বিরহিণীগণের হৃদয় কর্ত্তনে উদ্যত হইতেছে। ৩২

বাসন্তী কুসুমের সৌরভে বসন্তঋতু সুকোমল এবং নবমল্লিকা পুষ্পের সুগন্ধে সাতিশয় আমোদিত; সুতরাং এই বসন্ত কাল মুনিগণের মন হরণ করিয়া থাকে। আহা! বসন্ত ঋতু যুবক-যুবতীগণের অকৃত্রিম মিত্র। ৩৩

বসন্তলতা সম্পর্কে আম্রবৃক্ষসমূহ পুলকিত হইয়া মুকুলিত হইতেছে; বসন্তের রসগুণ এমনই প্রবল যে, অচেতন উদ্ভিদহৃদয়েও কামচেষ্টা প্রকটিত হয়; এ হেন বসন্ত ঋতুতে যমুনাজলপ্রবাহ-বিধৌত-প্রান্ত বৃন্দাবন-বিপিনে কৃষ্ণ যুবতীগণের সহিত লীলা বিলাস করিতেছেন। ৩৪

শ্রীজয়দেবভণিতমিদমুদয়তি হরিচরণস্মৃতিসারম্ ।
সরসবসন্তসময়বনবর্ণনমনুগতমদনবিকারম্ (বিহরতি) ॥ ৩৫

দরবিদলিতমল্লীবল্লিচঞ্চৎপরাগ-
প্রকটিতপটবাসৈর্বাসয়ন্ কাননানি ।
ইহ হি দহতি চেতঃ কেতকীগন্ধবন্ধুঃ
প্রসরদসমবাণপ্রাণবদ্গন্ধবাহঃ ॥ ৩৬

অথ গীতার্থমুপসংহরন্ স্বভণিতেরুৎকর্ষমাহ। শ্রীজয়দেবস্য ভণিতমিদম্ উদয়তি বিরাজতে। কুতঃ?—হরিচরণয়োঃ স্মরণেন সারং সর্ব্বতঃ শ্রেষ্ঠং তত্রাপি রসঃ শৃঙ্গারস্তৎপোষকবসন্তসময়সম্বন্ধিনো বনস্য বর্ণনং যত্র তৎ। অতএব সন্নিধানবর্ত্তিন্যাঃ শৃণ্বত্যাস্তস্যা মদনবিকারো যত্র তৎ। ৩৫

পুনরুদ্দীপনায় অনিলমেব বিশেষতো বর্ণয়তি দরেতি। ইহ বসন্তসময়ে বায়ুশ্চেতো দহতি বিরহিণামিত্যর্থাদধিগন্তব্যম্; নন্থ কিমপরাদ্ধমেতৈস্তস্য যদেবাং চেতো দহতি তত্রাহ। প্রতিদিশং সঞ্চরন্তঃ কামস্য প্রাণতুল্যঃ কামসখ ইতি যাবৎ। কামোঽত্র নৃপত্বেন নিরূপিতস্তৎসখা বায়ুঃ সখ্যুরাজ্ঞাপালনং বিরহিব-নালোচ্য তচ্চেতো দহতীত্যর্থঃ। কিং কুর্ব্বন্?—ঈষদ্বিকসিতায়া মল্লিকায়াঃ সকাশাদুচ্ছলদ্ভিঃ পুষ্পরাগৈরেব প্রকটিতপটবাসৈঃ সুগন্ধচূর্ণৈঃ কাননানি সুরভীণি কুর্ব্বন্। কীদৃশঃ?—কেতকীপুষ্পগন্ধস্য সহচরী।

জয়দেব কবি-বর্ণিত সরস বসন্ত সময়ে কৃষ্ণানুরাগদ্যোতক এই বনসৌন্দর্য্য এবং তদন্তর্গত মদনবিকারের বর্ণনা সকলের হৃদয়ে সারভূত হরিচরণস্মৃতি জাগরূক করুক। ৩৫

মলয়ানিল বনভূমির চতুর্দ্দিকে অর্দ্ধবিকসিত মল্লিকালতার পুষ্প-পরাগ বিকীর্ণ করিয়া যেন সুগন্ধি চূর্ণদ্বারা সর্ব্বত্র আমোদিত এবং মদনের প্রাণতুল্য প্রিয়বন্ধু কেতকীগন্ধপ্রিয় পবন কামিনীগণের হৃদয় দগ্ধ করিতেছে। ৩৬

অঙ্কোৎসঙ্গবসদ্ভুজঙ্গকবলক্লেশাদিবেশাচলং,
প্রালেয়প্লবনেচ্ছয়ানুসরতি শ্রীখণ্ডশৈলানিলঃ।
কিঞ্চ স্নিগ্ধরসালমৌলিমুকুলান্যালোক্য হর্ষোদয়া-
দুন্মীলন্তি কুহূঃ কুহূরিতি কলোত্তালাঃ পিকানাং গিরঃ॥ ৩৭

উন্মীলন্মধুগন্ধলুব্ধমধুপব্যাধূতচূতাঙ্কুর-
ক্রীড়ৎকোকিলকাকলীকলকলৈরুদ্গীর্ণকর্ণজ্বরাঃ।
নীয়ন্তে পথিকৈঃ কথং কথমপি ধ্যানাবধানক্ষণ-
প্রাপ্তপ্রাণসমাসমাগমরসোল্লাসৈরমী বাসরাঃ॥ ৩৮

পুনরতিশয়েনোৎপ্রেক্ষ্যতে অঙ্কেতি। মলয়াচলসম্বন্ধী বায়ুরস্ত মহেশাচলং হিমাচলমনুসরতি। কিমর্থম্?—হিমাবগাহনেচ্ছয়া। কুতস্তদিচ্ছা তত্রাহ—মলয়স্য ক্রোড়ে বসতাং সর্পাণাং কবলেন যঃ ক্লেশঃ তস্মাদিবোৎপ্রেক্ষে। চন্দনতরুকোটরস্থাহিকবলসন্তপ্তো হিমস্নানেচ্ছয়া যাতীত্যর্থঃ। ন কেবলমিদমেব দুঃসহমন্যদপীত্যাহ—কিঞ্চেতি। স্নিগ্ধবৃক্ষাণাম্ অগ্রভাগে মুকুলান্যবলোক্য হর্ষোদয়াৎ কুহূঃ কুহূরিতি পিকানাং গির উদ্গচ্ছন্তি। কীদৃশ্যঃ—মধুরাস্ফুট-ধ্বনিনোত্তালাঃ। ৩৭

চিরবিরহিণঃ প্রিয়ামিলনং বিনা তদ্দিবসনির্য্যাপণং দুর্ঘটমিত্যাহ—উন্মীল-দিতি। প্রিয়াবিরহিতৈরমী বসন্তসম্বন্ধিনো বাসরা অতিকষ্টেন নির্বাহ্যন্তে। কীদৃশাঃ?—উন্মীলন্তি যানি মধূনি গন্ধাশ্চ তেষু লুব্ধৈর্মধুপৈঃ কম্পিতেষু আম্র-

---

চন্দনবৃক্ষ-কোঠরস্থ সর্পগণের বিষে জর্জ্জরিত মলয় পবন যেন স্নিগ্ধকর স্নান কামনায় হিমালয়ের দিকে প্রবাহিত হইতেছে। আম্রবৃক্ষের শাখায় মুকুল বিকসিত হইতে দেখিয়া কোকিলকুল অত্যন্ত হর্ষভরে উচ্চ কণ্ঠে কুহু কুহু ধ্বনি করিতেছে। ৩৭

অনেকনারীপরিরম্ভসংভ্রমস্ফুরন্মনোহারিবিলাসলালসম্ ।
মুরারিমারাদুপদর্শয়ন্ত্যসৌ সখীসমক্ষং পুনরাহ রাধিকাম্ ॥ ৩৯

মুকুলেষু ক্রীড়তাং কোকিলানাং স্বস্থকলৈর্বৈ কোলাহলাস্তৈরুদ্ভূতঃ কর্ণজ্বরো যেষু তে। কৈর্নীয়ন্তে?—ধ্যানে প্রাণসমায়াশ্চিন্তনে অবধানেন ক্ষণং প্রাপ্তায়াঃ প্রাণসমায়াঃ সমাগমরসাদুৎপন্নৈরুল্লাসৈঃ । ৩৮

এবং তদ্বনবর্ণনাদিভিঃ শ্রীরাধিকামুদ্দীপ্তভাবাং বিধায় কিঞ্চিৎ সবিধং নীত্বা অসৌ সখী শ্রীরাধিকাং পুনরাহ—কিং কুর্ব্বতী? মুরারিম্ আরাৎ সমীপে প্রত্যক্ষম্ উপ অধিকং দর্শয়ন্তী। কথমনভীষ্টম্ অন্যাঙ্গনারমণং দর্শয়তি, তত্রাহ—অনেক-নারীতি। অনেকনারীণাং পরিরম্ভসংভ্রমেণ স্ফুরৎ স্থথাবির্ভবং স্থমনোহারিষু লালসৌৎস্থক্যং যস্য তৎ। এতদ্বিলাসস্য প্রত্যক্ষত্বাৎ তস্যা বিলাসস্যৈব স্ফুরণং যুক্তমিত্যর্থঃ। ৩৯

সখি! দেখ, চূতমুকুলে সৌরভ প্রসৃত হইতেছে, মধুগন্ধলুব্ধ মধুকরনিকর তাহাদিগকে কম্পিত করিতেছে এবং উহাদের নিকটে থাকিয়া ক্রীড়া করিতে করিতে কলকণ্ঠ কোকিলকুল কলকাকলী-কোলাহলে বিরহী পথিকগণের কর্ণজ্বালা উৎপাদন করিতেছে। হায়! এ সময় তাহারা দুরন্ত বিরহভরে কেবল প্রাণসমা প্রেয়সীর বদন ধ্যান করিতেছে এবং সেই স্মৃতিতে কিঞ্চিৎ স্থখ লাভ করিয়া কোন প্রকারে দিন-যামিনী যাপন করিতেছে। ৩৮

